গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ২১-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠেয় আগস্ট, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যপত্র।**

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
তারিখ : ২১ সেপ্টেম্বর, ২০১৭
সময় : বেলা- ১০:৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

| আলোচ্যসূচি | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত | বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা |
|---|---|---|
| (১) গত ২৪-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | | - |
| (২) যুব প্রশিক্ষণ কার্যক্রম এবং ক্রীড়া কার্যক্রম বিষয়ে আলোচনার জন্য জেলা প্রশাসন, শরীয়তপুর এর সাথে ভিডিও কনফারেন্স | | |
| (৩) জাতীয় যুবনীতি, ২০১৭ | (ক) জাতীয় যুবনীতি, ২০১৭ বাস্তবায়নের জন্য Action Plan প্রণয়নের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মো: আজিজুল হক এর সভাপতিত্বে গত ০৩-০৮-২০১৭ খ্রি: তারিখে UNFPA এর প্রতিনিধিদের সাথে যুব উন্নয়ন অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক(পরিকল্পনা ও বাস্তবায়ন)-কে আহবায়ক করে TAPP প্রস্তুতের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, UNFPA, যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়ে একটি সাব-কমিটি গঠন করা হয়েছে। উক্ত সাব-কমিটিকে আগস্ট/২০১৭ মাসের মধ্যে TAPP চূড়ান্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | (ক) Action Plan তৈরীর জন্য UNFPA এর অর্থায়নে একটি কারিগরী সহায়তা প্রকল্প বাস্তবায়নের জন্য TAPP পাওয়া গিয়েছে। |
| | (খ) জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়নের জন্য স্টিয়ারিং কমিটি গঠনের লক্ষ্যে ১২টি মন্ত্রণালয় হতে ফোকাল পয়েন্টের নাম পাওয়া গেছে। সুশীল সমাজ ও যুব প্রতিনিধিবৃন্দের নামের তালিকা পাওয়া গেছে। যুব প্রতিনিধি হিসেবে CRI এবং BYLC থাকতে পারে। সুশীল সমাজের প্রতিনিধি হিসেবে প্রস্তাবিত ০২ জনের যুব সম্পর্কিত কাজের অভিজ্ঞতা আছে কিনা তা যাচাই করে শীঘ্রই ষ্টিয়ারিং কমিটি গঠন করা হবে।<br>Action Plan প্রণয়ন এবং স্টিয়ারিং কমিটি দ্রুত গঠন করতে হবে। | (খ) স্টিয়ারিং কমিটি গঠনের জন্য নথি উপস্থাপনায় রয়েছে।<br>**যুব-১ শাখা/যুব উন্নয়ন অধিদপ্তর** |
| (৪) পদসৃষ্টি ও পদ আপগ্রেডেশন বিষয়ক অগ্রগতি | **যুব উন্নয়ন অধিদপ্তর :** | - |
| | (১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে উপপরিচালক হিসেবে ইতোমধ্যে ২ জন কর্মকর্তাকে পদায়ন করা হয়েছে। ১জন পরিচালক এবং ১ জন ডাক্তার পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হবে। নথি উপস্থাপনায় রয়েছে।<br>নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পরিচালক পদে ১জন কর্মকর্তাকে পদায়ন করা হয়েছে।<br>**যুব-১ শাখা/যুব উন্নয়ন অধিদপ্তর।** |
| | (২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামত ও অর্থ বিভাগের যাচিত তথ্য গত ০৮-০৫-২০১৭ তারিখে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ শাখায় প্রেরণ করা হয়েছে। এ জনবলকে রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব পড়বে তা উল্লেখপূর্বক মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের জন্য ৫টি প্রকল্পের সার্বিক তথ্য সম্বলিত সার-সংক্ষেপ তৈরী করা হয়েছে । বিষয়টি মাননীয় প্রতিমন্ত্রীর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীকে অবগত করতে হবে।<br>মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (খ) এ বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**যুব-২ অধিশাখা/ যুব উন্নয়ন অধিদপ্তর।** |

| আলোচ্যসূচি | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত | বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা |
|---|---|---|
| | **(গ) জাতীয় ক্রীড়া পরিষদ:** | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে মতামতের জন্য প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু তথ্য চেয়ে গত ১৭/০৮/২০১৭ তারিখে পত্র প্রেরণ করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্রটি উপস্থাপন করা হয়েছে।<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু তথ্য চেয়ে গত ১৭/০৮/২০১৭ তারিখে পত্র পাওয়া গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণের জন্য ২৮-০৮-২০১৭ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | **(ঘ) বিকেএসপিঃ** বিকেএসপি হতে প্রাপ্ত বিভিন্ন ক্যাটাগরীর মোট ৭৩৮টি পদ রাজস্ব বাজেটে সৃজনের সমন্বিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে ২৬/০৭/২০১৭ তারিখ অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার খসড়া কার্যবিবরণী প্রক্রিয়াধীন আছে। সভাপতি ০২ দিনের মধ্যে কার্যবিবরণী চূড়ান্ত করার জন্য এবং আগামী সভায় ক্রীড়া-২ শাখার পেন্ডিং তালিকা উপস্থাপনের জন্য নির্দেশ দেন। **আগামী ০৭ (সাত) দিনের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্য অনুযায়ী প্রস্তাব প্রেরণ করতে নির্দেশ দেন।**<br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিষ্ট অনুযায়ী আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে। | বিকেএসপি কার্যবিবরণীর সিদ্ধান্তে কিছু সংশোধনীর প্রস্তাব করেছে। যা নথিতে উপস্থাপন করা হয়েছে।<br>ক্রীড়া-২ শাখা/বিকেএসপি |
| **৫। শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি:** | | |
| | **ক্রীড়া পরিদপ্তর :** (ক) <u>শূন্য পদে জনবল নিয়োগ:</u> জেলা ক্রীড়া অফিসার এর ২৮টি পদের ৬১৮টি এবং প্রভাষক এর ২৮টি পদের বিপরীতে ৫১৫টি আবেদন পত্র পাওয়া গেছে। পরীক্ষা গ্রহণের প্রস্তুতি চলছে।<br>নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (ক) বিপিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। |
| | (খ) <u>নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ</u> ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬-এর সংশোধনী প্রস্তাব এর সফট কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর সভাকে অবহিত করেন যে, ২৩/০৮/২০১৭ তারিখ সংশোধিত নিয়োগবিধির বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>নিয়োগ বিধি সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | (খ) ২৩/০৮/২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে সংশোধিত নিয়োগবিধির বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>ক্রীড়া-২ অধিশাখা/ ক্রীড়া পরিদপ্তর। |
| **৬। গুরুত্বপূর্ণ অপেক্ষমাণ বিষয়** | | |
| (ক) বিভাগীয় মামলা | | |
| | <u>যুব উন্নয়ন অধিদপ্তর:</u> যুব উন্নয়ন অধিদপ্তরের জুলাই, ২০১৭ মাসে ১ম শ্রেণির ২টি মামলাসহ ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট ২৩টি মামলা চলমান রয়েছে। ক্রীড়া পরিদপ্তরের ০২ টি বিভাগীয় মামলার আপিল শুনানীর পর যথাক্রমে বেতনস্কেলের নিম্নধাপ ও নিম্ন বেতনস্কেলে অবনমিতকরণ শাস্তি প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।<br>বিভাগীয় মামলা নিষ্পত্তির বিষয়ে যত্নশীল হতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তরের আগস্ট, ২০১৭ মাসের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট ২১টি মামলা চলমান রয়েছে।<br>যুব-১শাখা/যুব উন্নয়ন অধিদপ্তর। |

| আলোচ্যসূচি | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত | বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা |
|---|---|---|
| **(খ) অনিষ্পন্ন পেনশন কেইস** | | |
| | মন্ত্রণালয়: (১)মরহুম মো: সেলিম মিয়া এর স্ত্রী চাহেনারা বেগম গত ২০-০৮-২০১৭ তারিখে সংশোধিতভাবে পেনশন এর জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। আবেদনপত্র যাচাই-এ হিসাবে গরমিল পাওয়া গেছে। আবেদনকারীকে বিষয়টি শীঘ্রই অবহিত করা হবে।<br>পেনশন কেইসটি দ্রুত নিষ্পত্তি করতে হবে। | (১) আবেদনকারী প্রাপ্যতা সংশোধনের জন্য এখন পর্যন্ত উপস্থিত হননি। |
| | (২) জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষকে তাঁদের বিষয়ে জানানোর জন্য পুনরায় পত্র দেয়া হয়েছে।<br>জাতীয় গৃহায়ন কর্তপক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত পেনশন কেস নিস্পত্তি করতে হবে। | (২) গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। |
| | (৩) **বিকেএসপিঃ** বিকেএসপিতে পেনশন প্রথা চালুর লক্ষ্যে গত ০৮-১১-২০১৬ তারিখে অর্থ বিভাগে পুন:প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ হতে কোন মতামত পাওয়া যায়নি। গত ০৭-০৫-২০১৭ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট যৌক্তিকিকরণ সভায় বিকেএসপির কর্মকর্তা/ কর্মচারীদের সরকারিভাবে পেনশন প্রদানের সুযোগ রয়েছে মর্মে আলোচনা করা হয়। এ বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>বিকেএসপিতে সরকারিভাবে পেনশন প্রথা চালুর জন্য অর্থ বিভাগে যোগাযোগ রাখতে হবে। | (৩) মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত ০৯/০৮/১৯৯৯ তারিখে ১৬৩ নং স্মারকের ২(গ) উপানুচ্ছেদে নির্দেশনা মোতাবেক অর্থ বিভাগ বিকেএসপিতে আনুতোষিক প্রথার পরিবর্তে পেনশন প্রথা চালুকরণে অসম্মতি জ্ঞাপন করেছে অর্থ বিভাগের পত্রটি নথিতে উপস্থাপন করা হয়েছে।<br>ক্রীড়া-২ অধিশাখা/বিকেএসপি |

**(গ) সমীক্ষা/ অডিট আপত্তি**

মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার অডিট আপত্তি চিত্র।

(অংকসমূহ হাজার টাকায়)

| | | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | মন্ত্রণালয়-৬২৮২ | ২৭ | ৫০৩৭১৪ | - | - | - | ২৭টি | ৫০৩৭১৪ |
| | সমাপ্ত উন্নয়ন -৪৯৩৪৩২ | ২ | | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর : | অগ্রিম অনুচ্ছেদ-০৪ টি | ৮৬ | ১৬,২৫,৭৭ | - | - | ৬ | ৮০ | ১৬,২১,৩২ |
| | সাধারণ -৮২ টি | | | | | | | |
| ক্রীড়া পরিদপ্তর: | | ২২ | ৪,৮৯,৮৪ | - | - | - | ২২ | ৪,৮৯,৮৪ |
| বিকেএসপি : | অগ্রিম-১৩ টি | ৩৪ | ১৪,৩৬৪ | - | - | - | ৩৪ | ১৪,৩৬৪ |
| | সাধারণ-২১ টি | | | | | | | |
| জাতীয় ক্রীড়া পরিষদ: | | ৫২৪ | ৩,৯২,৪৯ | - | - | - | ৫২৪ | ৩,৯২,৪৯ |
| | মোট= | ৬৯৫ | ৭৬৮৮৮৮ | - | - | - | ৬৮৮ | ৭৬,৮২৪৫ |

**বর্তমান অবস্থা:** বিকেএসপি হতে ২০টি আপত্তির ব্যয়ত্তোর অনুমোদনের জন্য প্রস্তাব পাওয়া গেছে। যুব উন্নয়ন অধিদপ্তরের ৩টি অগ্রিম অনুচ্ছেদে জবাব সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং ১০টি অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়া গেছে।

| (৭) ন্যাশনাল সার্ভিস এর অগ্রগতি: | | |
|---|---|---|
| যুব উন্নয়ন অধিদপ্তর: প্রশিক্ষণ, ঋণ, ন্যাশনাল সার্ভিস | <u>ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৪র্থ পর্ব বাস্তবায়ন</u>: ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। ইতোমধ্যে ৫ম পর্বের সুবিধাভোগী নির্বাচনের বিজ্ঞপ্তি প্রকাশ করার পরিপ্রেক্ষিতে ৫১৩৩২টি আবেদন পাওয়া গেছে। তন্মধ্যে বিধি মোতাবেক প্রশিক্ষার্থী যাচাই বাছাই করে ৩৭৫৮৮ জনকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। আগামী সেপ্টেম্বর/২০১৭ থেকে ৫ম পর্বের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। ৫ম পর্বের প্রশিক্ষণ কার্যক্রম মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে উদ্বোধন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। তিনি উক্ত উদ্বোধন অনুষ্ঠানের জন্য এ পর্যন্ত ন্যাশনাল সার্ভিসের সম্পাদিত কার্যক্রম ও সফলতা বিষয়ক তথ্যাদি দিয়ে একটি ডকুমেন্টারী তৈরি করার জন্য এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মো: আজিজুল হক, যুব উন্নয়ন অধিদপ্তরের জনাব আবুল হাসান, পরিচালক (পরিকল্পনা) ও জনাব মো: এরশাদ-উর-রশিদ, পরিচালক (দারিদ্র বিমোচন ও ঋণ)-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করার নির্দেশ দেন। ন্যাশনাল সার্ভিসের বিষয়ে টেলিভিশনে টকশো আয়োজনের জন্য সিনিয়র তথ্য কর্মকর্তাকে দায়িত্ব দেয়া হয়। ন্যাশনাল সার্ভিস কর্মসূচী একটি জাতীয় গুরুত্বপূর্ণ কর্মসূচী বিধায় এটি মিডিয়ায় ফোকাস করতে হবে।<br><br>আগামী সেপ্টেম্বর/২০১৭ থেকে ৫ম পর্বের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। মাননীয় প্রতিমন্ত্রীকে দিয়ে উদ্বোধনের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এম.পি আগামী ২৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে জামালপুর আশেক মাহমুদ কলেজ মিলনায়তনে জামালপুর জেলাধীন বকশীগঞ্জ, জামালপুর সদর ও মেলান্দহ উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জন্য বাছাইকৃত সুবিধাভোগীদের অংশগ্রহণে ৫ম পর্বের শুভ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।<br><br>**যুব -২ ও যুব উন্নয়ন অধিদপ্তর** |
| (৮) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | (ক) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে, ফাউন্ডেশনের তহবিল বৃদ্ধির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ১০০.০০(একশত কোটি) টাকা স্থায়ী আমানত চেয়ে সার-সংক্ষেপ অর্থ বিভাগের মতামতের জন্য রয়েছে। এছাড়া বিভিন্ন কোম্পানী/প্রতিষ্ঠানের CSR খাত হতে অনুদানের জন্য মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে আধাসরকারী পত্রের প্রেক্ষিতে জ্বালানী সচিব মহোদয়ের সহায়তায় ০৭(সাত)টি কোম্পানির CSR খাত হতে ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা অনুদান পাওয়া গেছে। সভায় ০৭(সাত)টি কোম্পানির CSR খাত হতে ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা অনুদান পাওয়ায় জ্বালানী সচিব মহোদয়কে ধন্যবাদ জানানো হয়।<br><br>ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সহায়ক কর্মচারী প্রদানের ব্যবস্থা করতে হবে।<br><br>(খ) <u>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:</u> ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান প্রদান সম্পর্কিত বিজ্ঞপ্তি ও ফরম অনলাইনে প্রদান প্রক্রিয়াধীন।<br>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান ফরমটি অনলাইনে দিতে হবে।<br><br><u>(গ) ফাউন্ডেশনের জন্য মানসম্মত অফিসের ব্যবস্থা করা :</u> ২৭-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের বোর্ড সভায় জাতীয় ক্রীড়া পরিষদ, পুরাতন ভবনে সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে অফিসের পরিবেশ উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য যুগ্মসচিব(ক্রীড়া) ও সচিব, জাতীয় ক্রীড়া পরিষদকে দায়িত্ব প্রদান করা হয়েছে। এ বিষয়ে ফাউন্ডেশনের নতুন কক্ষ বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>যুগ্মসচিব(ক্রীড়া) ও সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ | বর্তমানে CSR খাত হতে প্রাপ্ত অনুদানের পরিমান ৬০,০০,০০০/-( ষাট লক্ষ) টাকা মাত্র।<br><br>এ বিষয়ে এনবিআর এর সাথে যোগাযোগ করা হচ্ছে।<br><br>ফাউন্ডেশনের অনুকূলে নতুন কক্ষ বরাদ্দের বিষয় জাতীয় ক্রীড়া পরিষদে প্রক্রিয়াধীন। |

| (৯) বিবিধঃ | | |
|---|---|---|
| (ক) তথ্য অধিকার আইন অনুযায়ী প্রাপ্ত আবেদন নিষ্পত্তিকরণ। | তথ্য অধিকার আইন মোতাবেক প্রাপ্ত আবেদন নিষ্পত্তি করা হচ্ছে। নাগরিকদের নিকট হতে তথ্য প্রাপ্তির কোন আবেদন পাওয়া যায়নি।<br>কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করলে তা তথ্য অধিকার আইন মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | তথ্য অধিকার আইন মোতাবেক কোন আবেদন পাওয়া যায়নি। |
| (খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (১)National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 সংশোধনপূর্বক প্রস্তুতকৃত জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৬ মন্ত্রিসভা বৈঠকে গত ১৯-১২-২০১৬ তারিখে নীতিগতভাবে অনুমোদন প্রদান করে। মন্ত্রিসভার অনুমোদনের পর আইনটি ভ্যাটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে আইনটি পুনর্গঠন করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য পরামর্শ প্রদান করে। পরামর্শ মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদ হতে আইনটি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পুনর্গঠিত আইনটি নিয়ে গত ১৯-০৭-২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়েছে এবং আইনটি পুর্নগঠন করে পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদ আইন ' ২০১৬ পুনর্গঠন করে গত ১৯-০৭-২০১৭ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সঙ্গে যোগাযোগ অব্যাহত রয়েছে। |
| | (২) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ১৯৮৩ পরিমার্জনপূর্বক বাংলায় প্রবর্তনের প্রস্তাবের উপর মতামত প্রদানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। ম্যাট্রিক্স আকারে আইনটিকে সাজানো হয়েছে। এ বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে ০১-০৮-২০১৭ তারিখে মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী দ্রুত উপস্থিত সদস্যদের মধ্যে বিতরণ করতে হবে। পরবর্তীতে দ্রুত খসড়া আইনটি মন্ত্রিসভার নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | (২) গত ২৩/০৮/২০১৭ তারিখে জারীকৃত কার্যবিবরণীর আলোকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (সংক্ষেপে বিকেএসপি, ইংরেজিতে Bangladesh Institute of Sports) আইন, ২০১৭ সম্পূর্ণ পরিমার্জন করে উপস্থাপন করা হয়েছে। |
| | (৩) <u>ই-টেন্ডারিং</u> :- জাতীয় ক্রীড়া পরিষদ শীঘ্রই ই-জিপিতে ক্রয় বিজ্ঞপ্তি দিবে। ক্রীড়া পরিদপ্তরের সকল ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন করবে। বিকেএসপি e-GP বাস্তবায়ন করায় সভা হতে বিকেএসপিকে ধন্যবাদ জানানো হয়।<br>CPTU এর সাথে যোগাযোগপূর্বক জরুরিভিত্তিতে সকল দপ্তর/সংস্থায় ই-জিপি বাস্তবায়ন করতে হবে। | (৩) জাতীয় ক্রীড়া পরিষদে ই-টেন্ডার পাবলিশিং এর কাজ চলছে। বিকেএসপিতে e-GP System এ ক্রয় করা হচ্ছে। |

| আলোচ্যসূচি | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত | বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা |
|---|---|---|
| (৪) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম এবং ইউনিকোড চালুকরণ | যুব উন্নয়ন অধিদপ্তরের সকল শাখায় ইউনিকোড চালু রয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের কাজ ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যাবলী ইনোভেশনের মাধ্যমে সহজীকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ক্রীড়া পরিদপ্তরের অফিসে ইউনিকোড ব্যবহার করা হচ্ছে। অফিস কাজে ইনোভেশন ধারনার মাধ্যমে সেবা সহজীকরনের জন্য সফটওয়ার ডেভেলপ করা হয়েছে। ৬৪টি জেলায় অটিষ্টিক ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য খেলাধূলার আয়োজন করা হয়।<br><br>সকল দপ্তর/সংস্থায় ইউনিকোড চালুর বিষয়টি মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে। মন্ত্রণালয়/দপ্তর-সংস্থার কাজ ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তরের সকল শাখায় ইউনিকোড চালু রয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের কাজ ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যাবলী ইনোভেশনের মাধ্যমে সহজীকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ক্রীড়া পরিদপ্তরে ইনোভেশন ধারনার মাধ্যমে সেবা সহজীকরনের জন্য সফটওয়ার ডেভেলপ করা হয়েছে। ৬৪টি জেলায় অটিষ্টিক ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য সেবা সহজীকরণের মাধ্যমে খেলাধূলার আয়োজন করা হয়।<br><br>**মন্ত্রণালয় শাখা/সকল দপ্তর/সংস্থা/আইসিটি** |
| (৫) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | জুলাই/২০১৭ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি।<br><br>অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগে কেন্দ্রীয়ভাবে অনলাইনে অভিযোগ দাখিল করলে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা দেখতে পারেন। এটি নিয়মিত দেখতে হবে। |
| (৬) জাতীয় ই-সেবা সিস্টেম বাস্তবায়ন | যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ২০টি জেলার কর্মকর্তা/কর্মকর্তাদের ই-ফাইল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ২০টি জেলাকে লাইভ এ প্রদান করা হয়েছে। ই-নথি বাস্তবায়ন সম্পর্কে ব্যবহারকারীদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হচ্ছে। জুলাই, ২০১৭ মাসে ২৩৭টি নথি ই-সিস্টেমে নিস্পন্ন এবং ১৪৩টি পত্র জারী করা হয়েছে। ১৭-০৮-২০১৭ তারিখ বিকেএসপি ই-নথি লাইভে আছে। জাতীয় ক্রীড়া পরিষদে ই-ফাইলিং (নথি) ৮-৮-২০১৭ হতে শুরু হয়েছে।<br><br>জরুরি ভিত্তিতে মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ২০টি জেলার কর্মকর্তা/কর্মকর্তাদের ই-ফাইল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ২০টি জেলাকে লাইভ এ আনা হয়েছে। ই-নথি বাস্তবায়ন সম্পর্কে ব্যবহারকারীদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হচ্ছে। আগস্ট, ২০১৭ মাসে ২৬৫টি নথি ই-সিস্টেমে নিস্পন্ন এবং ২০৫টি পত্র জারী করা হয়েছে। ক্রীড়া পরিদপ্তরে ই -নথি চালু করা হয়নি।<br><br>**মন্ত্রণালয়/আইটি সেল** |
| (৭) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ প্রস্তুত | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর হতে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। ৩ মাস অন্তর অন্তর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণ প্রধান কার্যালয়ে ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়ে থাকে। উক্ত সভায় প্রতি ত্রৈমাসিক অগ্রগতির মূল্যায়ন ও করণীয় বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসংস্থান চুক্তি অনুযায়ী অর্জনের স্বপক্ষে প্রমাণক সঠিকভাবে জাতীয় ক্রীড়া পরিষদ থেকে পাওয়া যায়নি। |

| আলোচ্যসূচি | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত | বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা |
|---|---|---|
| (গ) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>সংশ্লিষ্ট দেশের মিশনের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় সভা ও সভার রিপোর্ট করতে হবে। | |
| (ঘ) | সভাপতি সভার নোটিশ এবং কার্যবিবরণী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ দেন। সভার নোটিশ, কার্যবিবরণীর এবং কার্যপত্রের হার্ড কপি প্রেরণে নিরুৎসাহিত করা হয় এবং আগামীতে সকল চিঠি, নোটিশ এবং কার্যবিবরণী ওয়েবসাইট ও গ্রুপমেইলে পাঠানোর জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।<br><br>সকল সভার নোটিশ ও কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ ও গ্রুপ মেইলে প্রেরণ করতে হবে। কোন হার্ড কপি প্রেরণ করা যাবে না। | সভার নোটিশ এবং কার্যবিবরণী গ্রুপ মেইল এবং ওয়েব সাইটে দেয়া হচ্ছে। |